গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
ওয়েবসাইট: dshedir.khulnadiv.gov.bd

স্মারক নং: ৩৭.০২.৪৭০০.০০০.০১.০০১.১৭-১৯৫৯ | তারিখ: ১১ মাঘ ১৪৩০ / ২৫ জানুয়ারি ২০২৪

বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায় , তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র ণৃ-গোষ্ঠী) উপবৃত্তির জন্য শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ণ প্রসঙ্গে।

সূত্র: মাউশি স্মারক নং: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-৪৩; তারিখ: ১৮/০১/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে সংখ্যালঘু সম্প্রদায় , তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র ণৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত আগ্রহী শিক্ষার্থীদের পূরণকৃত ফরম (ফরম নং-০২) ও সংশ্লিষ্ট কাগজপত্রের হার্ডকপি আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে এবং সংযুক্ত তথ্য ছক মোতাবেক সফটকপি NikoshBAN ফন্টে Excel sheet এ পূরণপূর্বক stipend.dshekln@gmail.com মেইল ঠিকানায় আগামী ২১/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বি.দ্র. (সফটকপি প্রেরণ সংক্রান্ত):

১. সফটকপি সংযুক্ত তথ্য ছকে পূরণ করতে হবে। সংযুক্ত ছক ব্যতীত অন্য কোন ছকে প্রেরিত তথ্য গ্রহণযোগ্য হবে না।
২. সফটকপি NikoshBAN ফন্টে পূরণ করতে হবে। NikoshBAN ফন্ট ব্যতীত অন্য কোন ফন্টে প্রেরিত তথ্য গ্রহণযোগ্য হবে না।
৩. সফটকপি Excel sheet এ পূরণ করতে হবে। Excel sheet ব্যতীত অন্য কোন ডকুমেন্ট গ্রহণযোগ্য হবে না। Excel sheet এ পূরণকৃত মূল ফাইলটি প্রেরণ করতে হবে, pdf ফাইল গ্রহণযোগ্য হবে না।
৪. সফটকপি নির্ধারিত মেইল (stipend.dshekln@gmail.com) ঠিকানায় প্রেরণ করতে হবে। নির্ধারিত মেইল ব্যতীত এই তথ্য অন্য কোন মেইল ঠিকানায় প্রেরণ করলে সেটি গ্রহণযোগ্য হবে না।
৫. সংযুক্ত ছকের ২ এবং ৩ নম্বর কলামে জেলা, উপজেলার নামের ক্ষেত্রে, শিক্ষা প্রতিষ্ঠান যে জেলা, উপজেলায় অবস্থিত তার নাম উল্লেখ করতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নিজ জেলা, উপজেলার নাম গ্রহণযোগ্য নয়।

সংযুক্তি:

১. ফরম নং-০২
২. তথ্য ছক

২৫/০১/২০২৪

(প্রফেসর শেখ হারুনর রশীদ)
পরিচালক
ফোন: ০২৪৭৭৭০৩৪৯৯

ভাইস চ্যান্সেলর/অধ্যক্ষ,
পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/বেসরকারি কলেজ (সকল)
খুলনা অঞ্চল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২- ৪৩ তারিখ : ১৮-০১-২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী)] শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন।

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২, তারিখ : ০৪/০২/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রহী শিক্ষার্থীরা আগামী ১৪/০৩/২০২৪ তারিখের মধ্যে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে ফরম সংগ্রহপূর্বক নিজ নিজ প্রতিষ্ঠানে জমা প্রদান করবে।

আগামী ২১/০৩/২০২৪ তারিখের মধ্যে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্রসমূহ ঢাকা(মিরপুর)/চট্টগ্রাম/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/রংপুর/সিলেটে অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) এর কার্যালয়ে এবং একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের আবেদনপত্র বর্ণিত আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে অগ্রায়ন/প্রেরণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা কার্যালয়ে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হয় না। তাই শিক্ষার্থী কিংবা শিক্ষা প্রতিষ্ঠান থেকে আবেদনপত্র দাখিল করা হলে বাতিল বলে গণ্য হবে।

বি: দ্র:
নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়সমূহে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **'ফরম নং-১'** এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে একাদশ হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য **'ফরম নং-০২'** পূরণ করে আঞ্চলিক উপপরিচালক/পরিচালক (ঢাকা, মিরপুর/চট্টগ্রাম/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/খুলনা/রংপুর ও সিলেট) এর কার্যালয়ে প্রতিষ্ঠান প্রধানগণ আবেদনপত্র অগ্রায়ণ করবেন।

**# শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠানের নিকট আবেদন জমা দানের শেষ তারিখ : ১৪/০৩/২০২৪ খ্রি.।**
**# প্রতিষ্ঠান কর্তৃক আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে অগ্রায়ণের শেষ তারিখ : ২১/০৩/২০২৪ খ্রি.।**
**# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে উক্ত আবেদন ফরম ডাউনলোডপূর্বক শিক্ষার্থীদের মাঝে বিতরণ/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি : আবেদন 'ফরম নং-০১' ও 'ফরম নং-০২'।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২- ৪৩/১ তারিখ : ১৮-০১-২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১. পরিচালক, কলেজ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০২. রেজিস্ট্রার (সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়) ..........................................................................
০৩. অধ্যক্ষ (সকল সরকারি ও বেসরকারি কলেজ) ..........................................................................................
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৫. পরিচালক/উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (''রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু)/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের আবেদনপত্র দাখিল ও অগ্রায়ন'' শিরোনামে আদেশটি মাউশি'র ওয়েব সাইটের নোটিশ বোর্ডে **এবং স্ক্রলে** প্রকাশের অনুরোধসহ)
০৭. প্রধান শিক্ষক (সকল) ..........................................................................................
০৮. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৯. সংরক্ষণ নথি

18.01.24
(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

C:\Users\kamrun.nahar\Desktop\stipend folder\তফসিলি ওর্ডার 24\nikosh fc upo ci৪৩.doc